



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

14 JUNE 2024

7:35—7:40 AM IST

অরুণাচল প্রদেশের প্রবীণ বিজেপি নেতা পেমা খান্দু ইটানগরের দর্জি খান্দু অভিবর্তন কেন্দ্রে গতকাল একটানা তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। শ্রী খান্দুর সঙ্গে উপ মুখ্যমন্ত্রী সোনা মেইন সহ এগারোজন ক্যাবিনেট মন্ত্রীও শপথ গ্রহণ করেন। অরুণাচল প্রদেশের রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল কে টি পারনায়েক তাদের পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান।

শপথ গ্রহণের পর সংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী শ্রী খান্দু বলেন যে- রাজ্যের জনসাধারণ বিজেপির প্রতি আস্থা রেখে তাদের নির্বাচিত করেছেন। এই আস্থা অক্ষুণ্ন রেখে রাজ্যের উন্নয়নের লক্ষ্যে কাজ করে যেতে নবগঠিত সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে শ্রী খান্দু মন্তব্য করেন। গতকালের শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, প্রবীণ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ, আসাম ও সিকিমের মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী কিরণেগে রিজিজু এবং অরুণাচল পূর্ব লোকসভা আসনের সাংসদ তাপির গাও সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। উল্লেখ্য- অরুণাচল প্রদেশ বিধানসভা নির্বাচনে মোট ষাটটি আসনের মধ্যে ৪৬টি আসনে বিজেপি জয়লাভ করে।

আজ বিশ্ব রক্তদাতা দিবস। এ উপলক্ষ্যে বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে জরুরীকালীন পরিস্থিতিতে মুমূর্ষ রোগীদের রক্ত দান করা ব্যক্তি ও সংস্থাকে সংবর্ধনা জানানো হবে। এদিকে রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী কেশব মহন্ত বিশ্বরক্ত দাতা দিবস উপলক্ষ্যে রক্তদাতাদের শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় স্বাস্থ্যমন্ত্রী শ্রী মহন্ত রক্তদাতাদের নিঃস্বার্থ সেবার জন্য আতর্জন জরুরী সময়ে প্রয়োজনীয় রক্ত লাভ করতে সক্ষম হয়ে থাকেন বলে মন্তব্য করেন। উল্লেখ্য ২০০৫ সাল থেকে প্রতি বছরের ১৪ই জুন বিশ্ব রক্ত দাতা দিবস হিসেবে পালন করা হয়ে আসছে।

কাছাড় জেলা প্রশাসন , জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ এবং পালংঘাটের শিব-দূর্গা ক্লাব ও নিরাময় যোগ বিদ্যালয়ের সহযোগিতায় আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে আগামী ১৫ই জুন শিলচর গান্ধী ভবনে যোগ ব্যায়াম প্রতিযোগিতা এবং আগামী ২১শে জুন সকাল সাড়ে ছটা থেকে শিলচর ইন্ডিয়া ক্লাব ইনডোর স্টেডিয়ামে আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হবে । মোট চারটি ক্যাটাগরিতে যোগ ব্যায়াম প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । বিশদ বিবরণ জন্য জেলা স্বাস্থ্য বিভাগে পাওয়া যাবে।

করিমগঞ্জ জেলায় আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস পালন উপলক্ষ্যে গতকাল জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । জেলার স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মিনাভা দেবী আরামবামের পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর আন্তর্জাতিক যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান করিমগঞ্জ জেলা ক্রীড়া সংস্থার ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত করা এবং আগামী ১৬ই জুন জেলা গ্রন্থাগার ভবনে যোগ ব্যায়াম প্রতিযোগিতা অনুষ্ঠিত করার সিদ্ধান্ত হয়েছে । প্রতিযোগিতায় বয়স ভিত্তিক চারটি ক্যাটাগরি থাকবে এবং বিশদ বিবরণের জন্য স্বাস্থ্য বিভাগের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে শিলচরের একটি বেসরকারী বিদ্যালয়ে তৃতীয় শ্রেণীর পরীক্ষায় বাংলার প্রশ্নপত্র ইংরেজীতে করানোর তীব্র প্রতিবাদ জানানো হয়েছে । সম্মেলনের পক্ষ থেকে ই-মেইল পাঠিয়ে ওই বিদ্যালয়ের অধ্যক্ষের কাছে বাংলা বিষয়ের প্রশ্নপত্র বাংলায় ছাপানোর দাবী জানানো হয়েছে ।

হাইলাকান্দি জেলায় আসন্ন ঈদ-উদ-জোহা উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল একটি সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফারহিনের পৌরহিত্যে আয়োজিত সভায় বিভিন্ন ঈদগাহ কমিটির কর্মকর্তা , চক্র আধিকারীক এবং পুলিশ

আধিকারীকরা অংশগ্রহন করেন । সভায় জানানো হয় যে কোরবানির পশু বাজার থেকে কিনে নিয়ে যাবার সময় কোন দুষ্কৃতি বাধা দিলে , সেক্ষেত্রে নিকটবর্তী থানায় অবিলম্বে জানাতে হবে । এছাড়া সভায় কোরবানির দৃশ্য সামাজিক মাধ্যমে প্রচার না করার আহ্বান জানানো হয়েছে ।

করিমগঞ্জ জেলা সৈনিক কল্যান আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে চলতি মাসের শেষ সপ্তাহে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সৈনিক বন্ধু সভা অনুষ্ঠিত হবে । সভায় জেলার প্রাক্তন সেনা কর্মী , সেনা কর্মীদের স্ত্রী এবং নির্ভরশীলদের আগামী ২৪শে জুনের মধ্যে জেলা সৈনিক আধিকারিকের কার্যালয়ে তাদের অভাব-অভিযোগ ও সমস্যা সম্পর্কে জানাতে বলা হয়েছে ।

শিলচর পূর্ত বিভাগের সড়ক শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ভূমিধসের ফলে শিলচর থেকে কুস্তিরগ্রাম অভিমুখী এয়ার পোর্ট রোডের বাঁ-দিকের কিছু অংশ ক্ষতিগ্রস্ত হওয়ার পরিপ্রেক্ষিতে সড়কের ওই অংশে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ রাখা হয়েছে । এই নির্দেশ তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে । পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত তা বহাল থাকবে । এদিকে ভূমি ধসের ফলে এস কে রোড - দয়াপুর সড়ক ক্ষতিগ্রস্ত হওয়ায় ওই সড়ক দিয়েও সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে ।
